



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১৬, ঢাকা



ফাউন্ট শতাব্দী ভবন, ৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা।

www.taxeszone16dhaka.gov.bd

নথি নং- নিয়োগ/কঃঅঃ-১৬, ঢাকা/২০২৬-২০২৭/ ২০২২

তারিখঃ ২ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

নোটিশ

বিগত ১৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখে কর অঞ্চল-১৬, ঢাকা কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সকল পদের বৈধ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ৩০/১০/২০২৬ খ্রিঃ শুক্রবার বিকাল ৩.০০ ঘটিকায় “বিএএফ শাহীন কলেজ, ঢাকা, জাহাঙ্গীর গেইট, ঢাকা ক্যান্টনমেন্ট” এ অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রবেশপত্র (tax16.teletalk.com.bd) থেকে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য যে, প্রবেশ পত্র ডাউনলোড করার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রত্যেক প্রার্থীর আবেদনের সময় প্রদত্ত মুঠোফোন নম্বরে প্রেরণ করা হয়েছে।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলীঃ

- ১) পরীক্ষার্থীদের অবশ্যই “প্রবেশপত্র” সঙ্গে আনতে হবে এবং এটি কর্তব্যরত পরিদর্শককে দেখাতে হবে।
- ২) প্রবেশপত্রে থাকা ছবি মূল আবেদনপত্রের সঙ্গে জমা দেওয়া ছবির সঙ্গে মিলতে হবে।
- ৩) প্রবেশপত্রটি লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।
- ৪) পরীক্ষার্থীদের অবশ্যই কালো কালির বলপয়েন্ট কলম আনতে হবে। পেনসিল ব্যবহার নিষিদ্ধ।
- ৫) পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার হলে পৌঁছাতে হবে। পরীক্ষা শুরুর পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না।
- ৬) পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক ঘড়ি, হাতঘড়ি, মোবাইল ফোন ও অন্য কোন ধরনের ডিজিটাল ডিভাইস নিয়ে আসা কঠোরভাবে নিষিদ্ধ।
- ৭) জালিয়াতি, অসদুপায় অবলম্বন এবং অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮) পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা চলাকালীন সময়ে ভাইভা বোর্ডে সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং সমস্ত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ভাইভা বোর্ডে জমা দিতে হবে।
- ৯) পরীক্ষার্থীদের আবেদন ফর্ম, ইউনিয়ন পরিষদ/পৌরসভা এবং সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট ও এনআইডির মূলকপি নিজ জেলার প্রমাণক হিসাবে মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।
- ১০) লিখিত পরীক্ষায় অতিরিক্ত কাগজ সরবরাহ করা হবে না। লিখিত পরীক্ষার ফলাফল কর অঞ্চল-১৬, ঢাকা এর নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে (www.taxeszone16dhaka.gov.bd) প্রকাশ করা হবে। উক্ত নোটিশে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় ও স্থান উল্লেখ থাকবে।
- ১১) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।


(মনসুর আলী)
উপকর কমিশনার,
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-১৬, ঢাকা

এবং
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-১৬, ঢাকা।